

Visit of External Affairs Minister of India to Kigali, Rwanda for the 26th Commonwealth Heads of Government Meeting (CHOGM) (June 22-25, 2022)

June 21, 2022

26 তম কমনওয়েলথ হেডস অব গভর্নমেন্ট মীটিং (সিএইচওজিএম)-এ অংশগ্রহণ করতে ভারতের বিদেশমন্ত্রীর রোয়ান্ডার কিগালি সফর (জুন 22-25, 2022)

জুন 21, 2022

পররাষ্ট্র মন্ত্রী(ইএম)ডঃ এস জয়শংকর জুন 22-25, 2022 -এ 26 তম কমনওয়েলথ হেডস অব গভর্নমেন্ট মীটিং (সিএইচওজিএম)-এ অংশগ্রহণ করতে রোয়ান্ডার কিগালি সফর করবেন। কোভিড-19 অতিমারির কারণে বৈঠকটিকে দুইবার পেছনো হয়েছিল।

2. 24-25শে জুন কমনওয়েলথ শীর্ষ সম্মেলনে বিদেশমন্ত্রী ভারতের প্রধানমন্ত্রীর প্রতিনিধিত্ব করবেন, সেই সাথে কিগালিতে 23শে জুন তারিখে প্রি-সিএইচওজিএম বিদেশমন্ত্রীদের বৈঠকে অংশগ্রহণ করবেন।

3. সিএইচওজিএম-এর ফাঁকে কমনওয়েলথের আগামী সভাপতি অর্থাৎ রোয়ান্ডা প্রজাতন্ত্র সরকারের, কমনওয়েলথ ইয়ুথ ফোরাম, কমনওয়েলথ উইমেন ফোরাম, কমনওয়েলথ বিজনেস ফোরাম, কমনওয়েলথ পিপলস ফোরাম সহ অন্যান্য পার্শ্ব কার্যক্রমের পরিকল্পনা রয়েছে।

4. 26 তম সিএইচওজিএম শীর্ষ সম্মেলনের মূলভাব হল "একটি অভিন্ন ভবিষ্যৎ প্রদান করা: সংযোগ করা, উদ্ভাবন করা, রূপান্তর করা"। কমনওয়েলথ সদস্য দেশগুলির নেতারা সমসাময়িক প্রাসঙ্গিকতার বিষয়ে আলোচনা করবেন, যার মধ্যে রয়েছে বৈশ্বিক চ্যালেঞ্জ যেমন- জলবায়ু পরিবর্তন, খাদ্য সুরক্ষা, স্বাস্থ্য সমস্যা এবং নিম্নলিখিত চারটি ফলাফলের সিদ্ধান্ত গ্রহণের সম্ভাবনা রয়েছে; সিএইচওজিএম কমিউনিকে; শিশু পরিচর্যা ও সুরক্ষা সংস্কারের উপরে কিগালি ঘোষণা; টেকসই নগোরায়েন এবং কমনওয়েলথ লিভিং ল্যান্ডস চার্টারের ঘোষণা; আ কমনওয়েলথ কাল টু অ্যাকসন অন লিভিং ল্যান্ডস(সিএএলএল)।

5. আশা করা যায় যে, সফরকালে বিদেশমন্ত্রী কমনওয়েলথ সদস্য দেশের তার সমপদস্থদের সাথে এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গের সাথে বিভিন্ন দ্বিপাক্ষিক বৈঠক করবেন। কিগালিতে ভারতীয় হাই কমিশন আয়োজিত একটি অভ্যর্থনা সভায় বিদেশমন্ত্রী ভারতীয় সম্প্রদায়ের জনগণের সাথে পারস্পরিক আদানপ্রদানও করবেন।

6. কমনওয়েলথ সদস্য দেশগুলির সাথে বিশেষ করে ছোট দেশ (এসএস) এবং উন্নয়নশীল ছোট দ্বীপরাষ্ট্রগুলির সাথে ভারতের সম্পৃক্ততা গভীর করার একটি গুরুত্বপূর্ণ মঞ্চ কমনওয়েলথ প্রদান করে। কমনওয়েলেতে বৃহত্তম অবদান রাখা দেশগুলির মধ্যে ভারতও অন্যতম এবং প্রযুক্তি সহায়তা প্রদান ও

ঋমতা নির্মাণের সাথে প্রতিষ্ঠানকে সহযোগিতা করেছে। 2018 সালে ভারত, উন্নয়ন প্রকল্পে এবং কমনওয়েলথে উন্নয়নশীল দেশগুলিকে সহায়তা প্রদানের জন্য 50 মিলিয়ন মার্কিন ডলার উৎসর্গ করার জন্য একটি কমনওয়েলথ উইন্ডো তৈরির কথা ঘোষণা করেছে।

নিউ দিল্লি

জুন21,2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.